

সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৪৩৫

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৩৮. নির্ভরযোগ্য বর্ণনাকারী হতে হাদীস বর্ণনা প্রসঙ্গে

بَابُ فِي الْحَدِيثِ عَنِ الثَّقَاتِ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ أَحْمَدَ، حَدَّثَنَا سُفْيَانُ، عَنْ هِشَامِ بْنِ حُجَيْرٍ، عَنْ طَاوُسٍ، قَالَ: جَاءَ بُشَيْرُ بْنُ كَعْبٍ إِلَى ابْنِ عَبَّاسٍ فَجَعَلَ يُحَدِّثُهُ، فَقَالَ: ابْنُ عَبَّاسٍ «أَعِدْ عَلَيَّ الْحَدِيثَ الْأَوَّلَ» قَالَ لَهُ بُشَيْرٌ: مَا أَدْرِي عَرَفْتَ حَدِيثِي كُلَّهُ، وَأَنْكَرْتَ هَذَا، أَوْ عَرَفْتَ هَذَا، وَأَنْكَرْتَ حَدِيثِي كُلَّهُ؟ فَقَالَ ابْنُ عَبَّاسٍ إِنَّا كُنَّا نُحَدِّثُ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذْ لَمْ يَكُنْ يُكْذِبُ عَلَيْهِ، فَلَمَّا رَكِبَ النَّاسُ الصَّعْبَ وَالذَّلُولَ، تَرَكْنَا الْحَدِيثَ عَنْهُ

إِسْنَادُهُ قَوِي

বাংলা

৪৪০. তাউস বলেন: বুশাইর ইবনু কা'ব, ইবনু আব্বাসের নিকট এসে হাদীস বর্ণনা করা শুরু করে দিল। তখন ইবনু আব্বাস বললেন: আমাকে প্রথম হাদীসটি আবার শোনাও। বুশাইর তাকে বলল: আমি বুঝতে পারছি না, আপনি আমার সকল হাদীস স্বীকৃতি দিলেন, শুধুমাত্র এটি প্রত্যাখ্যান করলেন; নাকি- এ হাদীসটি স্বীকৃত দিলেন, আর আমার বর্ণিত অন্যান্য সকল হাদীস প্রত্যাখ্যান করলেন। তখন ইবনু আব্বাস বললেন: আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হতে হাদীস বর্ণনা করতাম, যখন তাঁর উপর মিথ্যারোপ করা হতো না। এরপর লোকদের উপর জটিলতা ও হীনতা চেপে বসলো, ফলে আমরা তাঁর (রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) থেকে হাদীস বর্ণনা করা পরিত্যাগ করলাম।[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ শক্তিশালী।

তাখরীজ: মুসলিম, মুকাদ্দিমাহ ১/১২-১৩; আবু যুর'আহ, তারীখ নং ১৪৮৬; ইবনু আদী, আল কামিল ১/৬১-৬২; পরবর্তী হাদীসটি দেখুন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=69751>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন